# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২১৮

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ৮৫. একাধিকবার সঙ্গমে একবার গোসল করা সম্পর্কে

باب فِي الْجُنُبِ يَعُودُ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدُ بْنُ مُسَرْهَدٍ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ، حَدَّثَنَا حُمَيْدٌ الطَّوِيلُ، عَنْ أَنَسٍ، أَنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم طَافَ ذَاتَ يَوْمٍ عَلَى نِسَائِهِ فِي غُسْلٍ وَاحِدٍ .

ـ صحيح

বাংলা

২১৮। আনাস (রাঃ) সূত্রে বর্ণিত। একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সকল স্ত্রীদের নিকট গেলেন এবং একবারই গোসল করলেন।[1]

সহীহ।

## English

Anas reported :
One day the Messenger of Allah (May peace be upon him) had sexual intercourse with (all) his wives with a single bath.

ফুটনোট

[1] নাসায়ী (অধ্যায়ঃ পবিত্রতা, হাঃ ২৬৩) আহমাদ (৩/৯৯) হুমাইদ সূত্রে। আনাস সূত্রে হাদীসটির একাধিক সানাদ রয়েছে। তন্মধ্যে বুখারী (১/৭৯, ৭/৪৪) কাতাদাহ থেকে আনাস সূত্রে, ইবনু মাজাহ (হাঃ ৫৮৯) যুহরী থেকে আনাস সূত্রে, তিরমিযী (হাঃ ১৪০), নাসায়ী (১/১৪৩) এবং আহমাদ (৩/১৬১, ১৮৫), কাতাদাহ থেকে আনাস সূত্রে অনুরূপ আহমাদ (৩/১১১, ১৮৫), এবং দারিমী (হাঃ ৭৫৯) ও ইবনু খুযাইমাহ (হাঃ ২৫৯) সাবিত থেকে আনাস সূত্রে অনুরূপ।

-

হাদীস থেকে শিক্ষাঃ

১। কেউ তার একাধিক স্ত্রীর সাথে সহবাস করলে এক সহবাসের পর আরেক সহবাসের পূর্বে গোসল করা ওয়াজিব নয়। যদিও সে একই রাতে একাধিক স্ত্রীর সাথে একাধিকবার সহবাস করে। আর এটি মোটেই এক সহবাসের পর আরেক সহবাসের জন্য গোসল করা মুস্তাহাব হওয়াকে নিষেধ করে না।

২। সামর্থ্য থাকলে একই রাতে অধিকবার সহবাস করা ওয়াজিব।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57536

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন